



ইরানের প্রেসিডেন্ট যুদ্ধবিরতির প্রস্তাব দিয়েছেন: ডোনাল্ড ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, ইরানের প্রেসিডেন্ট যুক্তরাষ্ট্রের কাছে যুদ্ধবিরতির প্রস্তাব পাঠিয়েছেন। তবে তিনি স্পষ্ট করে বলেছেন, হরমুজ প্রণালি পুরোপুরি “খোলা, নিরাপদ ও স্বাভাবিক” না হওয়া পর্যন্ত যুক্তরাষ্ট্র কোনো যুদ্ধবিরতির বিষয়ে বিবেচনা করবে না।

বুধবার (১ এপ্রিল) নিজের সামাজিক মাধ্যম টুইট সোশ্যালেরে দেওয়া এক পোস্টে ট্রাম্প এ কথা জানান। সেখানে তিনি ইরানের বর্তমান প্রেসিডেন্টকে আগের নেতাদের তুলনায় তুলনামূলকভাবে কম উগ্র ও বেশি বিচক্ষণ বলেও উল্লেখ করেন।

একই সঙ্গে কড়া হুঁশিয়ারি দিয়ে ট্রাম্প বলেন, নির্ধারিত শর্ত পূরণ না হলে যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান অব্যাহত থাকবে। প্রয়োজনে আরও কঠোর পদক্ষেপ নেওয়া হবে বলেও ইঙ্গিত দেন তিনি।

এর আগে থেকেই ট্রাম্প প্রশাসন বলে আসছে, হরমুজ প্রণালিতে স্বাভাবিক নৌচলাচল নিশ্চিত করা যুদ্ধ শেষের অন্যতম প্রধান শর্ত। যদিও আগের কয়েকটি বক্তব্যে ট্রাম্প যুদ্ধবিরতির বিপক্ষে অবস্থান নিয়েছিলেন এবং যুক্তরাষ্ট্রের সামরিক সক্ষমতা নিয়েও আত্মবিশ্বাস প্রকাশ করেছিলেন।